



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আগামীকাল ‘বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় দ্বীনি শিক্ষার গুরুত্ব’ শীর্ষক মতবিনিময় সভা

ঢাকা, সোমবার, ২ এপ্রিল ২০১৮ ॥

ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আগামীকাল (৩ এপ্রিল) মঙ্গলবার সকাল ১১.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ সভাকক্ষে ‘বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় দ্বীনি শিক্ষার গুরুত্ব’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। সভায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী কাজী কে.রামত আলী প্রধান অতিথি ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. আবদুল মান্নান প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নারায়ন চন্দ্র সাহা। সভাপতিত্ব করবেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল।

সভায় শতাধিক আলেম-ওলামা ও ইসলামী স্কলার অংশ নেবেন।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)
সহকারী পরিচালক, জনসংযোগ
ইসলামিক ফাউন্ডেশন
মোবাইল ০১৭২০০৪০৪৩২